

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারকনং- ৩৪.০১.০০০০.০২৬.০৬.০১৬.১৬- ৮৯৯

তারিখ : ১০ ফাল্গুন, ১৪২৩
২২ ফেব্রুয়ারি, ২০১৭


বিষয় : কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়সমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন শাখায় প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা থাকলেও নিম্নোক্ত ১৫(পনের)টি জেলা কার্যালয় হতে ডিসেম্বর, ২০১৬ ও জানুয়ারি, ২০১৭ মাসের প্রতিবেদন পাওয়া যায়নি :

“ ঢাকা, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, নরসিংদী, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, বগুড়া, নওগাঁ, নীলফামারী, পঞ্চগড়, বাগেরহাট, সাতক্ষীরা ও সিলেট ”

০২। জেলা কার্যালয়ের অফিস প্রধানের দায়িত্বে নিয়োজিত থেকে তাঁর এ ধরনের কার্যক্রম সুষ্ঠু অফিস ব্যবস্থাপনায় প্রতিবন্ধক ও কর্তৃপক্ষের নির্দেশনা অমান্যকরণ এবং অসদাচরণের সামিল।

০৩। এমতাবস্থায়, কেন তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর নির্দেশ দেয়া হলো।


(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ০২-৯৫৫৯৩৮৯

E-mail:dg@dyd.gov.bd

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

ঢাকা /মুন্সীগঞ্জ /নারায়ণগঞ্জ /কিশোরগঞ্জ /নরসিংদী /নেত্রকোনা /চট্টগ্রাম/কক্সবাজার/বগুড়া/নওগাঁ/নীলফামারী/পঞ্চগড়/বাগেরহাট /সাতক্ষীরা /সিলেট জেলা।

অনুলিপি :

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক,------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অফিস কপি।